

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ #৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

বিজ্ঞপ্তি নং -ফায়ার এ্যান্ড সেফটি/১০৩/২০২৬

তারিখ :- ০৩ মে, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর থেকে জানানো হয়েছে যে, এখন থেকে সকল প্রকার ফায়ার লাইসেন্স 'ই-ফায়ার লাইসেন্স' হিসেবে গ্রহন করতে হবে এবং বিদ্যমান লাইসেন্স 'ই-ফায়ার লাইসেন্স' হিসেবে নবায়ন করতে হবে। আগামী ১ জুলাই ২০২৬ থেকে কিউআর কোড যুক্ত ই-ফায়ার লাইসেন্স ব্যতীত সকল ধরনের ম্যানুয়াল ফায়ার লাইসেন্স অবৈধ লাইসেন্স বলে গণ্য হবে।

এমতাবস্থায়, বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যদের ২০২৬-২০২৭ সালের ফায়ার লাইসেন্স ম্যানুয়াল পদ্ধতিতে নবায়ন না করার জন্য এবং এ বিষয়ে সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ বিষয়ে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর থেকে প্রকাশিত গণবিজ্ঞপ্তিটি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব।





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দীন রোড, ঢাকা



ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারের সেবা সহজীকরণ প্রতিশ্রুতি মোতাবেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ফায়ার লাইসেন্স প্রচলিত ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ডিজিটাল সিস্টেমের মাধ্যমে অনলাইনে প্রদান করা হবে। যা 'ই-ফায়ার লাইসেন্স' সেবা নামে পরিচিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিল্প-কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান ও ব্যবসা প্রতিষ্ঠান ইত্যাদির মালিক/দখলদারগণকে অবহিত করা যাচ্ছে যে:

- আগামী ০১ মে ২০২৬ তারিখ হতে সকল নতুন ই-ফায়ার লাইসেন্স প্রাপ্তি, বিদ্যমান ফায়ার লাইসেন্স নবায়ন, রি:ইস্যু ও সংশোধন সংক্রান্ত সরকারি ফি প্রদানসহ যাবতীয় কার্যক্রম শুধুমাত্র অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং QR কোড সংবলিত ই-ফায়ার লাইসেন্স গ্রহণ করতে হবে।
- উল্লিখিত তারিখের পর থেকে কাগজে বা সরাসরি লাইসেন্স সংক্রান্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।
- ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত আবেদন ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা অধিদপ্তরের ওয়েবসাইট www.fireservice.gov.bd অথবা ই-ফায়ার লাইসেন্সের জন্য নির্ধারিত ওয়েবসাইট elicense.fireservice.gov.bd এ পাওয়া যাবে।
- ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত ফি অনলাইন পেমেন্ট গেটওয়ে এর মাধ্যমে ঘরে বসেই পরিশোধ করা যাবে এবং অনলাইন চালান (aChallan) পাওয়া যাবে।
- প্রয়োজনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভাগীয়/জেলা কার্যালয়ের হেল্প ডেস্ক/ওয়ান স্টপ সার্ভিস সেন্টার হতে ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া যাবে।
- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭ জানুয়ারি ২০২৫ তারিখে ৫৮.০০.০০০০.০৫২.০২.০০১.২৫-২৩ স্মারকমূলে জারিকৃত পরিপত্র এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারি ২০২৬ তারিখ এবং ৪৪.০০.০০০০.০০০.১৮৪.০১.০০০১.২৬-০৮ স্মারকমূলে জারিকৃত পত্রের আলোকে লাইসেন্স ফি নির্ধারিত হবে।
- জালিয়াতি ও ভবিষ্যৎ জটিলতা প্রতিরোধে সকলকে কিউআর কোডযুক্ত ই-ফায়ার লাইসেন্স গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

লেঃ কর্নেল মোঃ মাহমুদুল হাসান, পিএসসি
পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)